

# রোটারি স্টিচ মাস্টার

এই টিউটোরিয়ালে আপনি 'ঊষা রোটারি স্টিচ মাস্টার সেলাই মেশিন সম্পর্কে কিছু শিখবেন



আপনার মেশিনের সাথে বন্ধুত্ব পাতানোর এই পদক্ষেপ নেওয়াতে আপনাকে অভিনন্দন!

'ঊষা রোটারি স্টিচ মাস্টার ' সেলাই মেশিন সম্পর্কে জানার মত যা কিছু আছে তা এই ভিডিও থেকে জানতে পারবেন ' আপনার মেশিন কে জানুন ' এই অডিও ভিজুয়াল গাইড টি আপনর মেশিনের সাথে সখ্যতা গড়ে তোলার যাত্রায় নিয়ে যাবে এবং এটা থেকে সর্বোচ্চ পাওয়া নিশ্চিত করবে ।


এই মেশিনের প্রত্যেকটি অংশের কার্যপ্রণালী ও গুরুত্ব বুঝার জন্য ভিডিও টি সতর্কতার সাথে অনুসরণ করুন।

তাই চলুন আমরা শুরু করি, করবো কি ?
ববিনে সুতা ভরা/ববিন লাগানো



ববিন কেস কিভাবে খুলতে আর লাগাতে হয় সেটা শিখানো দিয়ে আমি শুরু করি ..

স্লাইড পেট সরিয়ে নিন। ব্যালেন্স হুইল নিজের দিকে ঘুরিয়ে সুঁই কে সর্বোচ্চ অবস্থানে নিন। এভাবে খিল টাকে এমন ভাবে ধরে ববিন কেসটা বের করে আনুন। খিল টা উঠানোর দিকে খেয়াল করবেন, নইলে আপনার মেশিনের সাথে লড়াই করতে হতে পারে।



একই ভাবে, খিল টা তুলে ধরে ববিন কেস ঢুকান। ঠিকমত বসলে হালকা ক্লিক করে শব্দ হবে। খিলটা এখন ছেড়ে দিন।

এখন তো আপনি জানেন যে ববিন  কেস কিভাবে খুলতে হয়। এটা খুলে আনুন আর এর ভিতর থেকে ববিন টি বের করবেন। আমি যেমনটা করছি সেভাবে স্পুল পিনে সুতার স্পুলটি বসান যেন স্পুল এর পিছনে দিয়ে সুতা বেরিয়ে আসে।




সুতা পরানো/  স্পুল পিন

এখন আমরা ববিন ওয়াইন্ডার স্পিন্ডল এ আসি, যেটাতে ববিন বসাতে হয় সুতা ভরার জন্য..

স্পুল থেকে সুতা বের করে ববিন ওয়াইন্ডার টেনশন ব্র্যাকেট এর গায়ে প্যাঁচান। ববিন ওয়াইন্ডার স্পিন্ডল এর উপর ববিনটি এই ভাবে লাগান.. এরপর,ববিন ধরে রাখার জন্য ববিন ওয়াইন্ডার খিল টি চেপে দিন

ব্যালেন্স হুইল টি বাম হাত দিয়ে ধরে রেখে, আমার মত করে স্টপ মোশন কে ঠিলা করবেন। এটা মেশিন কে ফ্লাই হুইল থেকে আলগা করবে। এবং মেশিন চালু করবেন - যখন ববিন ভরে যাবে এটা আপনা আপনি বন্ধ হয়ে যাবে।



ভরা ববিনটা এভাবে বের করে আনুন এবং স্টপ মোশন কে এভাবে টাইট করে দিন।

ববিনটা এভাবে ববিন  কেসে এ ভাবে বসান। এ ক্ষেত্রে খেয়াল রাখবেন সুতা যেন ঘড়ির কাঁটা চলার দিকে বেরিয়ে আসে। সুতা টেনে ববিন  কেস স্লট এ নিন। এবার সুতাকে টেনশন স্প্রিং এর নিচে দিয়ে টানুন এবং 'ডেলিভারি আই' এর মধ্যে এমন ভাবে  ঢুকান যেন ১০ সে মি (৪ ইঞ্চি) মত সুতা আলগা থাকে।



আপনার ববিন কেসে যখন সুতা ভর্তি ববিন ভরা আছে, এটাকে এখন হুক এর মধ্যে ফিরিয়ে শক্ত করে বসাই পেস্নট টি জায়গামত ঠেলে দেই।




বাহ্, সেলাই এর জন্য মেশিন টি প্রস্তুত হ'তে আর মাত্র একটা ধাপ বাকি আছে। শুরু করতে আপনি খুব আগ্রহী?? তাহ'লে চলুন, মেশিন এ সুতা পরানো টা তাড়াতাড়ি শিখে নেই।

এরপর ‘প্রেসার ফুট’ উপরে তুলুন। ‘আর্ম থ্রেড গাইড আপার’ এর মধ্য দিয়ে সুতা নিন এবং সুতা ধরে রেখে নিচের দিকে টেনেএ ভাবে ‘থ্রেড টেনশন ইউনিট’ এর ভিতরে ঢুকান।




চেক স্প্রিং এর এই পয়েন্ট দিয়ে সুতা টানুন। এরপর  থ্রেড টেক আপ লিভারের ভিতর দিয়ে সুতা আমার মত করে নিন।

এরপর, ফেস পেস্নট থ্রেড গাইডের ভিতর দিয়ে সুতা এভাবে নিন। এবার, সুতা নিচে টেনে নিড্‌ল বার থ্রেড গাইডের ভিতর ঢুকিয়ে দিন। এবার সেই চূড়ান্ত ধাপ - সুঁই এর ছিদ্রে বাম থেকে ডানে সুতা পড়ান। সুঁই এর সুতা আপনার হাতে ধরে রেখে ফ্লাই হুইল আপনার দিকে ঘুরান যেন সুঁই পুরোটা নিচে গিয়ে নিড্‌ল পেস্নটের বাইরে বের হয়। আপনার হাতের সুতা টেনে ববিনের সুতাটি বের করবেন।




এটা হলো নিড্‌ল পেস্নট যা সুঁই আর ববিন থেকে সুতা নিয়ে স্টিচ তৈরী করে

‘ফিড ডগ’,যার রয়েছে খাঁজ কাটা ধার, সেলাই এর সময় কাপড়কে মসৃন ভাবে সামনে চলতে সাহায্য করে।



নিড্‌ল পেস্নটের ঠিক উপরে এখানে  রয়েছে নিড্‌ল ক্ল্যাম্প স্ক্রু যা দরকার মত সুঁই বদলানোর সময় ব্যবহার হয়

সুঁই এর এক পাশে খাঁজ করা আছে যা মেশিনে সুঁই লাগানোর সময় বাম দিকে রাখতে হয়।
স্টিচ লেংথ



এটা হলো‘ স্টিচ রেগুলেটর নব’ যা সেলাই কতটা লম্বা বা খাট  হবে তা ঠিক করতে আপনাকে সহায়তা করে



থ্রেড  টেনশন
এখন আসছে থ্রেড টেনশন ইউনিট। এটা সেরাই এর চুড়ান্ত্ম ফিনিশ এর বেলায় গুরম্নত্বপূর্ণ ভুমিকা পালন করে। (থ্রেড  টেনশন সব সময় সঠিক থাকতে হয়.. ঢিলা থাকলে প্রতিটা সেলাই এর পর সুতা জমে গিয়ে দৃষ্টিকটু দেখায় আবার টেনশন বেশী হলে বারবার সুতা ছিঁড়ে যেতে থাকে।



এটা আমাদেরকে ‘প্রেশার বার থাম্ব  স্ক্রু’র কাছ নিয়ে আসে। প্রসার ফুট কা্পড়ের উপর যে পরিমান চাপ প্রয়োগ করবে তা ঠিক করার জন্য  এটা দরকার।এটা আপনাকে বিভিন্ন ধরণের কাপড় ভাল ফিনির্শিং দিয়ে সেলাই করতে সহায়তা করবে। যেমন, আপনি ডেনিম এর জন্য বেশি প্রেসার আর সিল্ক এর জন্য হালকা প্রেসার ব্যবহার করবেন

মেশিন টি মিনিটে ১৮০০ স্টিচ গতিতে সেলাই করে



উল্টা সেলাই -  কাপড়ের প্রান্ত্ম শেষে খেয়াল করবেন

‘রিভার্স  স্টিচ রেগুলেটর লিভার’ সেলাই এর দিক পরিবর্তন করে। বেশির ভাগ ক্ষেত্রে উভয় প্রান্ত্মে ব্যবহার হয় ,যখন আপনি সেলাই শক্তিশালী করার জন্য দুই টুকরা কাপড়কে একত্রে সেলাই করেন।
ফুট  লিফ্টার - ‘নী লিফ্টার’ টি এখানে সেলাই এর সময় বাঁচানোর জন্য প্রেসার ফুট উঠাতে সাহায্য করে।




নির্বিঘ্নে কাজ করার জন্য আপনাকে মাঝে মাঝে মেশিনে তেল দিতে হবে।

আপনার সেলাই মেশিনের দেয়া উপকরণ বাক্সের মধ্যে একটা তেলের বোতল রয়েছে। (দেখানো মত করে আপান-াকে নির্ধারিতদ ছিদ্র গুলোতে তেল দিতে হবে।




মেশিন যদি আপনি সপ্তাহে একবার ব্যবহার করেন তা হ'লে মাসে একবার তেল দিন। বিকল্প ভাবে- মেশিন যদি এক নাগাড়ে ব্যবহার হয় তাহ'লে প্রতি ৮ ঘন্টা ব্যবহার এর পর দুই ফোঁটা তেল দিন



বড় কোন প্রজেক্ট এর সহায়ক হিসেবে মেশিন টেবিলের সাথে একটি এক্সটেনশন ইউনিট দেয়া হয়

অভিনন্দন ! ব্যবহারের জন্য আপনার মেশিন এখন প্রস্তুত

আমরা আশা করি এই লেসন আপনার কাছে তথ্যবহুল এবং প্রয়োজনীয় মনে হয়েছে। কোন জায়গায় আটকে গেলে এটা থেকে জেনে নিন। এ রকমটা কয়েকবার করার পর মনে হবে- ' আরে বাহ্ –- এত্তো সোজা।




আপনার মেশিন এর সাথে সখ্যতা গড়ে তোলা শুভ হোক। 'ঊষা আর এস এম' হচ্ছে একটি রোটারি হুক মেশিন যা হালকা থেকে ভারী ধরণের বিভিন্ন রকমের কাপড়ের জন্য উপযোগি এবং এটা মোটর চালিত ধরণের ও পাওয়া যায়।